

📖 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জালসা-এ ইস্তিরাহাহ্

দ্বিতীয় সিজদাহ্ থেকে মাথা তুলে নবী মুবাশ্শির (ﷺ) পুনরায় বাম পায়ে উপর সোজা হয়ে বসে যেতেন। এতে তাঁর প্রত্যেক হাড় নিজ নিজ জায়গায় ফিরে যেত। (বুখারী ৬৭৭, ৮২৩, আবুদাউদ, সুনান ৭৩০, ৮৪২-৮৪৪, আহমাদ, মুসনাদ, তিরমিযী, সুনান নাসাঈ, সুনান, মিশকাত ৭৯৬ নং)

এই বৈঠককে ‘জালসা-এ ইস্তিরাহাহ্’ আরামের বৈঠক বলা হয়। কারণ, এতে প্রথম ও তৃতীয় রাকআত শেষ করে দ্বিতীয় ও চতুর্থ রাকআত শুরু করার পূর্বে একটু আরাম নেওয়া হয় তাই।

মালেক বিন হুয়াইরিস (রাঃ) মহানবী (ﷺ) কে দেখেছেন, তিনি যখন তাঁর নামাযের বিজোড় রাকআতে থাকতেন, তখন সোজা বসে না যাওয়া পর্যন্ত (পরের রাকআতের জন্য) উঠে দাঁড়াতে না। (এ) অনুরূপ দেখেছেন আবু হুমাইদ ও আরো ১০ জন সাহাবা। (ইরওয়াউল গালীল, আলবানী ৩০৫নং, তামামুল মিন্নাহ্, আলবানী ২১১-২১২পৃঃ)

অবশ্য সুননের এই বৈঠকটি দুই সিজদার মাঝের বৈঠকের মত লম্বা হবে না। কেবল সোজা হওয়ার মত হাল্কা একটু বসতে হবে। তবে এতে পঠনীয় কোন যিক্র বা দুআ নেই।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=2905>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন